34

দৈনিক বাংলা

তারিখ ...2-0 OCT 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৮

# এইচএসসি ঃ আজ রাজশাহী, কাল ঢাকা ও কুমিল্লা বোর্ডের ফল প্রকাশ

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৫ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল আজ শুক্রবার বিকাল পাঁচটায় সকল কেন্দ্র ও কলেজ থেকে একযোগে প্রকাশিত হবে।

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়, সংবাদপত্র অফিস কিংবা শিক্ষাবোর্ডে কোন ফলাফল পাওয়া যাবে না।

(৮–এর পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এইচএসসি ঃ আজ

(প্রথম পৃষ্ঠার পর)

প্রকাশিত ফলাফলে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে ফলাফল প্রকাশের ৩০ দিনের মধ্যে বোর্ড কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে। খবর তথ্য বিবরণীর।

### ঢাকা বোর্ড

ঢাকা শিক্ষাবোর্ডের ১৯৯৫ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল আগামীকাল শনিবার বিকাল চারটায় বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে একযোগে প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব থেকে কেন্দ্রের আও-তাধীন সকল কলেজের অধ্যক্ষ নিজ নিজ কলেজের ফলাফল সংগ্রহ করতে পারবেন।

পরীক্ষার্থীদের নিজ নিজ কেন্দ্র বা কলেজ থেকে তাদের ফলাফল সংগ্রহ করার পরামর্শ দেয়া হচ্ছে।

উল্লেখ্য, শিক্ষাবোর্ড, শিক্ষা মন্ত্রণালয় বা পত্রিকা অফিসে কোন ফলাফল পাওয়া যাবে না।

কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ নিজ নিজ জেলা প্রশাসকের নিকট হতে বেলা ১-০০ টার মধ্যে এবং সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষবৃন্দ নিজ নিজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা থেকে ফলাফল সংগ্রহ করবেন। তবে ঢাকা মহানগরীর কেন্দ্রসমূহের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ ও সকল কলেজের অধ্যক্ষগণ ঢাকা জেলা প্রশাসকের অফিস থেকে বেলা ২-০০ টার মধ্যে নিজ নিজ কলেজের ফলাফল সংগ্রহ করবেন।

### কুমিল্লা বোর্ড

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৯৫ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল আগামী কাল শনিবার সকাল দশটায় সকল পরীক্ষা কেন্দ্র থেকে একযোগে প্রকাশ করা হবে।